

নং: ১০.০৭.০০০০.০০২.১০.৪২.২০১৭-১৪২

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জেলা লিগ্যাল এইড অফিসে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ নিয়ন্ত্রণ ও অব্যাহত রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের রূপকল্প- ২০২১ “ডিজিটাল বাংলাদেশ” গড়ার লক্ষ্যে আইন ও বিচার বিভাগের অধীনে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা সরকারি আইনি সেবা সহজিকরণের উদ্দেশ্যে কতিপয় পদক্ষেপ নিয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৫-১৬ অর্থবছরে “সরকারি আইনি সেবার মানোন্নয়নে সহায়তা প্রদান” প্রকল্পের অর্থায়নে “সরকারি আইনগত সহায়তায়-জাতীয় হেল্পলাইন” কলসেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। বর্তমান সরকারের এজেন্ডা বাস্তবায়নের অংশ হিসেবে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সংস্থা প্রকল্পের ২০১৭-১৮ অর্থবছরে সরকারি আইনি সেবার যাবতীয় তথ্য ও কার্যক্রম ডিজিটাল অফিস অটোমেশনের মাধ্যমে সম্পন্ন করার উদ্দেশ্যে ‘লিগ্যাল এইড অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যার’ নির্মাণ করেছে। এই সফটওয়্যারের মাধ্যমে সংস্থার অধীনস্থ সকল লিগ্যাল এইড অফিসে সরকারি আইনি সেবা সংক্রান্ত যেসকল কার্যক্রমসমূহ বাস্তবায়িত হবে, সে সকল কার্যক্রমের যাবতীয় তথ্য, উপাত্ত, পরিসংখ্যান ও বিবরণ অনলাইন সিস্টেমে সংরক্ষিত হবে এতে সংস্থার কেন্দ্রীয় কার্যালয় অনলাইন সিস্টেমের মাধ্যমে সকল লিগ্যাল এইড অফিসের কার্যক্রম পর্যবেক্ষণ করা যাবে, যা গুণগত মানসম্পন্ন লিগ্যাল এইড ব্যবস্থাপনা মনিটরিং বা তদারক করতে সহায়ক হবে। উল্লেখ্য যে, সংস্থা এ অনলাইন সিস্টেমে প্রয়োজনীয় ডাটা এন্ট্রি করার জন্য অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক কে দায়িত্ব প্রদানের উদ্দেশ্যে ইতোমধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা শুরু করেছে এবং উচ্চগতির নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ প্রদানের বিষয়ে কাজ করছে।

০২। এমতাবস্থায় বিষয়টির গুরুত্ব বিবেচনায়, লিগ্যাল এইড অফিসে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ অব্যাহত রাখার উদ্দেশ্যে সংস্থা নিজ প্রকল্পের অর্থায়নে প্রতিটি জেলার লিগ্যাল এইড অফিসের জন্য উচ্চগতির ইন্টারনেট সংযোগ প্রদানের ব্যবস্থা করেছে। এখন থেকে সংস্থার কেন্দ্রীয় কার্যালয় থেকে এই ইন্টারনেট সংযোগ প্রদানের কাজ, গতি ও বিল নিয়ন্ত্রণ করা হবে। ২০১৮-১৯ অর্থ বছরে জেলা লিগ্যাল এইড অফিসের ইন্টারনেট খাতে কোন অর্থ বরাদ্দ করা হবে না। জেলা লিগ্যাল এইড অফিসে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ ও গতি অব্যাহত রাখার স্বার্থে সংস্থা কর্তৃক নির্দেশনা এই যে,

- লিগ্যাল এইড অফিস ব্যতীত অন্যত্র বা অন্য কোন দপ্তরের জন্য এ সংযোগ প্রয়োজ্য নয়; এবং
- লিগ্যাল এইড অফিসের কক্ষ ব্যতীত অন্য কোন কক্ষের কম্পিউটারে এ সংযোগ প্রদানযোগ্য নয়।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজ,
জেলা লিগ্যাল এইড কমিটি,.....

(মোঃ জাফরুল হাছান)

পরিচালক (সিনিয়র জেলা ও দায়রা জজ)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
ফোন নং: ৪৯৩৪৯৮০২

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৫। জেলা লিগ্যাল এইড অফিসার,
- ৬। অফিস কপি/গার্ড ফাইল।